৩৮৭

দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN. 7.. 1999.. ...
পৃষ্ঠা ৩ কলাম ৮......

# বিশ্ববিদ্যালয় আইনের প্রতি শ্রদ্ধাশীল থেকে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখুন

**–ঢাঃ বিঃ শিক্ষক সমিতি**

প্রেস বিজ্ঞপ্তি : ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয়ের আইনের প্রতি শ্রদ্ধাশীল থেকে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য সকলের প্রতি আহবান জানিয়েছে। গত বৃহস্পতিবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নবনির্বাচিত কার্যকরী পরিষদের এক সভায় এ আহবান জানানো হয়। সমিতির সভাপতি প্রফেসর ইউসুফ হায়দার সভায় সভাপতিত্ব করেন।

সভার প্রস্তাবে বলা হয়, দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ও মর্যাদা রক্ষা করা সকলের দায়িত্ব। কোন শিক্ষক যদি ছাত্রীর সাথে অনভিপ্রেত আচরণ করে থাকে তবে যথাযথ তদন্ত সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধান অনুযায়ী প্রশাসনকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। আইনানুগ ব্যবস্থার জন্য অপেক্ষা না করে বিশ্ববিদ্যালয়ের শান্ত পরিবেশকে সংঘাতময় করে তোলা কোনক্রমেই কাম্য নয়।